দৃষ্টিহীনদের বিশ্বকাপে রানার্সআপ বাংলাদেশ

দৃষ্টিহীন ক্রিকেটারদের নিয়ে পাকিস্তানের মাটিতে এবারের বিশ্বকাপ আয়োজন করা হয়েছিল। সেখানে বাংলাদেশ রানার্সআপ হয়েছে।

গতকাল মুলতান ক্রিকেট স্টেডিয়ামে ফাইনাল ম্যাচটিতে শুরুতে ব্যাটিংয়ে নেমে বাংলাদেশ করে ৭ উইকেটে ১৩৯ রান। জবাবে স্বাগতিক পাকিস্তান কোনো উইকেট না হারিয়েই মাত্র ১১.২ ওভারেই জয় তুলে নেয়।

শিরোপা-নির্ধারণী ম্যাচে বাংলাদেশের হয়ে সর্বোচ্চ ৫৪ রান করেন আরিফ হুসেইন। এছাড়া সালমান করেন ৩১ রান ও আশিকুর করেন ২২ রান। পাকিস্তানের হয়ে ওপেনার নিসার আলী ৭২ ও মোহাম্মদ সফদার ৪৭ রানে অপরাজিত থাকেন। এ দিকে দ্বিতীয়বারের মতো হাতছোঁয়া দূরত্ব থেকে ফিরতে হলো বাংলাদেশকে। ২০২২ সালের ফাইনালে ভারতের বিপক্ষে হেরেছিলেন লাল- সবুজের প্রতিনিধিরা।

রানার্সআপ বাংলাদেশ দলকে অভিনন্দন জানিয়েছেন অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস।
সূত্র: ইত্তেফাক

হকি বিশ্বকাপে জায়গা পাকা করলো বাংলাদেশ

ওমানের মাসকটে অনুষ্ঠিত যুব এশিয়া কাপ হকিতে ঐতিহাসিক সাফল্য অর্জন করেছে বাংলাদেশ অনূর্ধ্ব-২১ হকি দল। থাইল্যান্ডকে ৭-২ গোলে হারিয়ে প্রথমবারের মতো যুব বিশ্বকাপে খেলার যোগ্যতা অর্জন করেছে মওদুদুর রহমানের শিষ্যরা।

আসন্ন ২০২৫ সালে ভারতে অনুষ্ঠিতব্য যুব বিশ্বকাপে এশিয়া থেকে মোট সাতটি দল অংশ নেবে। স্বাগতিক ভারত সরাসরি খেলার সুযোগ

পাবে, আর বাকি ছয়টি দল আসছে যুব এশিয়া কাপ থেকে। বাংলাদেশ এবার বি গ্রুপের তৃতীয় স্থান নিয়ে এ গ্রুপের চতুর্থ দল থাইল্যান্ডের বিপক্ষে খেলেছে ৫-৯ স্থান নির্ধারণী ম্যাচ। এই জয়ের মাধ্যমে বাংলাদেশ শুধু পঞ্চম-ষষ্ঠ স্থান নির্ধারণী ম্যাচ নিশ্চিত করেনি, নিশ্চিত করেছে বিশ্বকাপে নিজেদের জায়গাও।

বাংলাদেশের হকি ইতিহাসে থাইল্যান্ডের বিপক্ষে কোনো পর্যায়েই হারেনি দল। তবে এবার জয় নিশ্চিত করতে খেলোয়াড়রা বাড়তি চাপ কিংবা অতিরিক্ত আত্মবিশ্বাসের ফাঁদে না পড়ে নিজেদের স্বাভাবিক খেলায় মনোযোগ দিয়েছে। এর ফল হিসেবে এসেছে কাঙ্ক্ষিত জয়।

প্রথম কোয়ার্টারে দারুণ শুরু করে বাংলাদেশ, ২-০ গোলের লিড নেয়। দ্বিতীয় কোয়ার্টারে উভয় দল একটি করে গোল করে, ফলে মধ্য বিরতিতে স্কোর দাঁড়ায় ৩-১। তৃতীয় কোয়ার্টারে বাংলাদেশ আরও তিনটি গোল করে ম্যাচের নিয়ন্ত্রণ পুরোপুরি নিয়ে নেয়। শেষ কোয়ার্টারে বাংলাদেশ আরেকটি গোল করলেও থাইল্যান্ড একটি গোল শোধ করে পরাজয়ের ব্যবধান কমায়।

এই জয়ে বাংলাদেশ দল হকি বিশ্বকাপে নতুন ইতিহাস গড়ল। দেশের হকি অঙ্গনে এ সাফল্য নতুন সম্ভাবনার দুয়ার খুলে দিয়েছে। এখন সবাই তাকিয়ে আছে ভারতের মাটিতে বিশ্বকাপ আসরে বাংলাদেশের সম্ভাব্য পারফরম্যান্সের দিকে।

সূত্র: কালবেলা

মারা গেছেন সোনাজয়ী শ্যুটার সাদিয়া

পৃথিবীর মায়া ত্যাগ করেছেন সোনাজয়ী শ্যুটার সাদিয়া সুলতানা। আজ চট্টগ্রাম মেডিকেলে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন তিনি।

দীর্ঘদিন ধরে মানসিক অসুস্থ সাদিয়া বাড়ির ছাদ থেকে লাফ দিয়ে

আত্মহত্যা করার চেষ্টা করেন। ছাদ থেকে পড়ে যাওয়ার পর তাকে আহত অবস্থায় চট্টগ্রাম হাসপাতালে ভর্তি করানো হয়।

এর আগে ২০১৭ সালে আগুনে পুড়ে দীর্ঘদিন অসুস্থও ছিলেন তিনি।

শুটিংয়ে দারুণ এক প্রতিভা ছিলেন সাদিয়া। বিশ্বমঞ্চে বাংলাদেশের নামও উজ্জ্বল করেছেন তিনি। ২০১০ সালে কমনওয়েলথ গেমসে ১০ মিটার রাইফেলে দলগত ইভেন্ট স্বর্ণ জেতেন তিনি।

তবে ২০১৩ সালে বাংলাদেশ গেমসের পর থেকে তাকে আর দেখা যায়নি।

সূত্র: কালের কণ্ঠ

দুই দলই নিজেদের অবস্থানে অনড়, নীরব দর্শক আইসিসি

ধারাবাহিক নাটক চলছে ২০২৫ চ্যাম্পিয়নস ট্রফি আয়োজন নিয়ে। ভারত-পাকিস্তানের রাজনৈতিক দ্বন্দ্ব বেশ পুরোনো। যার কারণে পাকিস্তানের মাটিতে চ্যাম্পিয়নস ট্রফি অনুষ্ঠিত হলে সেখানে খেলতে যাবে না ভারত। সেটা আগেই আইসিসিকে জানিয়ে দিয়েছে ভারতীয় ক্রিকেট বোর্ড বিসিসিআই।

যার কারণে এশিয়া কাপের মতো হাইব্রিড মডেলে চ্যাম্পিয়নস ট্রফি আয়োজনের পক্ষে মত দিয়েছে বিসিসিআই। তাতে মত আছে আইসিসির। তবে এককভাবে টুর্নামেন্ট আয়োজনে অনড় পাকিস্তান ক্রিকেট বোর্ড। সেটা না হলে চ্যাম্পিয়নস ট্রফিতে অংশগ্রহণ করবে না পাকিস্তান। সে সঙ্গে ভবিষ্যতে ভারতে অনুষ্ঠিত হওয়া সব টুর্নামেন্ট বয়কট করা হবে বলে পিসিবির পক্ষ থেকে জানানো হয়েছে।

যার কারণে টুর্নামেন্টটি আয়োজন নিয়ে তৈরি হয়েছে ধোঁয়াশা সেই ধোঁয়াশা কাটাতে শুক্রবার দুবাইয়ে আইসিসির হেড অফিসে বিসিসিআই এবং পিসিবির কর্তাদের নিয়ে বৈঠকে বসেছে আইসিসির শীর্ষ কর্তারা। তবে তাতেও হয়নি কোনো সুরাহা। দুই পক্ষই নিজের সিদ্ধান্তের ওপর অনড় অবস্থানে রয়েছে। যার কারণে মাত্র ১৫ মিনিটে শেষ হয় সভা।

অন্যদিকে ২০২৫-এর ফেব্রুয়ারিতে অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে ‘মিনি ওয়ার্ল্ডকাপ’ এই টুর্নামেন্টটি। পাকিস্তান ও ভারতের সংবাদমাধ্যমের বরাতে জানা যায়, দুই বোর্ডই নিজেদের সরকারের সিদ্ধান্তের দিকে তাকিয়ে আছে। এই নিয়ে বিসিসিআইয়ের সহসভাপতি রাজীব শুক্লা বলেছেন যে, তারা বোর্ড পিসিবির সঙ্গে আলোচনা করছে এবং আইসিসিও বিষয়টির সমাধানের চেস্টা করছে।

তবে তিনি জানান, ভারতের সরকার যে সিদ্ধান্ত নেবে সেটাই তারা মেনে নেবে। তবে পররাষ্ট্র দপ্তর থেকে এই বিষয়ে শুক্রবার একটি বিবৃতি প্রকাশ করা হয়েছে। সেখানে বলা হয়েছে, ‘দলের নিরাপত্তার উদ্বেগ রয়েছে। যার কারণে ভারতের পাকিস্তানে যাওয়ার সম্ভাবনা কম।’ তবে পাকিস্তানি গণ্যমাধ্যমগুলোর সূত্রমতে, আজ আবারও বসতে যাচ্ছে আইসিসির সভা। সেখানে নির্ধারণ করা হতে পারে চ্যাম্পিয়নস ট্রফির ভবিষ্যৎ।

সূত্র: ইত্তেফাক

টি-টোয়েন্টিতে নতুন রেকর্ড, বোলিং করলেন ১১ জনই

মুম্বাইয়ের ওয়াংখেড়ে স্টেডিয়ামে এক নজিরবিহীন ঘটনাই ঘটেছে। টি–টোয়েন্টি ক্রিকেটে প্রথমবারের মতো দলের ১১ জন খেলোয়াড় হাত ঘুড়িয়েছেনে। ভারতের টি–টোয়েন্টি টুর্নামেন্ট সৈয়দ মুশতাক আলী ট্রফিতে মণিপুরের বিপক্ষে দলের ১১ জনকে দিয়েই বোলিং করিয়েছে দিল্লি। এর আগে ২০ ওভারের ম্যাচে সর্বোচ্চ ৯ জন বোলার ব্যবহারের ঘটনা দেখা গেছে বেশ কয়েকবার। বাংলাদেশ প্রিমিয়ার লিগেই (বিপিএল) এমন কিছু ঘটেছে ৪ বার।

আন্তর্জাতিক টি–টোয়েন্টি তো বটেই, স্বীকৃত টি–টোয়েন্টি ক্রিকেটে এমন ঘটনা এই প্রথম। টি–টোয়েন্টি ম্যাচের দৈর্ঘ্য কম বলে বেশির ভাগ ম্যাচেই ৫–৬ জনের বেশি বোলিং করেন না। কিন্তু মণিপুরের বিপক্ষে দিল্লি অধিনায়ক আয়ুশ বাদোনি ভেবেছেন ভিন্ন কিছু। এক এক করে সব ফিল্ডারের হাতেই বল তুলে দিয়েছেন। বাদোনি

নিজে উইকেটকিপার। দলের ষষ্ঠ বোলার হিসেবে বল হাতে নিয়ে তিনিও দুই ওভার করেছেন, এমনকি নেন ১ উইকেটও!

সবাই বোলিং করলেও মণিপুর বেশি রান তুলতে পারেনি। ২০ ওভারে ৮ উইকেট হারিয়ে তোলে ১২০ রান। তাড়া করতে নেমে ৯ বল আর ৪ উইকেট হাতে রেখেই জয় নিশ্চিত করে দিল্লি।

স্বীকৃত টি–টোয়েন্টিতে ১১ বোলারের ব্যবহার এই প্রথম হলেও টেস্টে এমন ঘটনা ৪ বার দেখা গেছে। ২০০৫ সালে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে অ্যান্টিগা টেস্টের দ্বিতীয় ইনিংসে ১১ জনকে দিয়ে বোলিং করিয়েছিলেন দক্ষিণ আফ্রিকা অধিনায়ক গ্রায়েম স্মিথ। একই মাঠে ২০০২ সালে ক্যারিবীয়দের বিপক্ষে দলের ১১ জনকে দিয়েই বোলিং করিয়েছিলেন ভারতের অধিনায়ক সৌরভ গাঙ্গুলী।

ওয়ানডে এবং আন্তর্জাতিক টি–টোয়েন্টিতে অবশ্য এখন পর্যন্ত কোনো দল ৯ জনের বেশি বোলার ব্যবহার করেনি।

সূত্র: ইত্তেফাক

দর্শনায় শহীদ আবু সাঈদ ও মুগ্ধ স্মৃতি ফুটবল টুর্নামেন্টের সেমিফাইনাল ম্যাচ অনুষ্ঠিত

দর্শনা মেমনগরে শহীদ আবু সাঈদ ও মীর মুগ্ধ স্মৃতি ফুটবল টুর্নামেন্টের শেষ সেমিফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হয়েছে। এ ম্যাচে পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন একাদশকে হারিয়ে কেরুজ বয়েজ ক্লাব ফাইনালে উত্তির্ণ হলো।

আজ শুক্রবার বিকালে রামাযুসের আয়োজনে মেমনগর ফুটবল মাঠে সেমিফাইনাল ম্যাচে অংশ নেয় পারকৃষ্ণপুর-মদনা একাদশ বনাম দর্শনা কেরুজ বয়েজ ক্লাব। এ ম্যাচে পারকৃষ্ণপুর-মদনা একাদশকে ২-১ গোলে হারিয়ে বয়েজ ক্লাব জিতে ফাইনাল ম্যাচে উত্তির্ণ হয়েছে। খেলা পরিচালনা করেন ফৈরদৌস হাসান, মনজিত বিশ্বাস ও মোস্তাফিজুর

রহমান। ধারাভাষ্যে ছিলেন, হাসান গাজি ও সবুজ। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, কেরুজ চিনিকলের ব্যবস্থাপনা পরিচালক রাব্বিক হাসান।

বিশেষ অতিথি ছিলেন, দর্শনা পৌর বিএনপির প্রধান সমন্বয়ক হাবিবুর রহমান বুলেট, কেরুজ চিনিকলের মহাব্যবস্থাপক (অর্থ) আব্দুছ ছাত্তার, মহাব্যবস্থাপক (কারখানা) সুমন সাহা, মহাব্যবস্থাপক (প্রশাসন) আল ফারুক ওমর শরীফ গালিব, মহাব্যবস্থাপক (কৃষি) আশরাফুল আলম ভূইয়া, মহাব্যবস্থাপক (ডিস্টিলারী) রাজিবুল হাসান, জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক মোমিন মালিথা। খেলা উপভোগ করতে উপস্থিত ছিলেন, দর্শনা থানার অফিসার ইনচার্জ শহীদ তিতুমীর, সাবেক মহাব্যবস্থাপক (ডিস্টিলারী) ফিদা হাসান বাদশা, শ্রমিক-কর্মচারি ইউনিয়নের সভাপতি ফিরোজ আহমেদ সবুজ, সাধারণ সম্পাদক হাফিজুর রহমান, যুগ্নসম্পাদক মোস্তাফিজুর রহমান, সাবেক ফুটবলার গিয়াস উদ্দিন পিনা, পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন বিএনপির সভাপতি শফিউল্লাহ, সাধারণ সম্পাদক আজিবর রহমান, দর্শনা ছাত্রদলের আহ্বায়ক আরাফাত হোসেন, দর্শনা সরকারি কলেজ ছাত্রদলের সদস্য সচিব পলাশ আহমেদ প্রমুখ। সভাপতিত্ব করেন টুর্নামেন্ট কমিটির সভাপতি জহির রায়হান।

সার্বিক তত্বাবধানে ছিলেন, টুর্নামেন্ট কমিটির সাধারণ সম্পাদক লুতফর রহমান, রামাযুসের সভাপতি আব্দুস সাত্তার, স¤পাদক মোস্তাফিজুর রহমান মুক্ত।

সার্বিক সহযোগিতায় ছিলেন, কোষাধ্যক্ষ আব্দুল্লাহ, খায়রুল ইসলাম, জিয়াউর, হাসান, সাইদুর, মাসুদ, সাঈদ, আবু শামা, মাহবুল, সাইফুল, শফিকুল, জুয়েল, মঈনুল হোসেন, আনোয়ার হোসেন, আসান আলী, আশরাফুল আসান, অন্তর, ওয়াসিম, সোনা মিয়া, মাহবুব, সোহাগ ও মনিরুল। উপস্থাপনা করেন জাহান আলী ও লিংকন।

সহজ ম্যাচ হেরে হতাশ রংপুরের অধিনায়ক

গ্লোবাল সুপার লিগে উড়ন্ত শুরু পেতে পারতো রংপুর রাইডার্স। ম্যাচ ছিলে একাবারে হাতের নাগালে। জয়ের জন্য দরকার ২৫ বলে ১৭

রান। তখনও হাতে ছিল ৬ উইকেট। এমন সহজ ম্যাচ টাই করে সুপার ওভারে গিয়ে হ্যাম্পশায়ারের কাছে হেরেছে বাংলাদেশের ফ্র্যাঞ্চাইজিটি। এমন সহজ ম্যাচ হেরে তাই বেশ হতাশ রংপুরের অধিনায়ক নুরুল হাসান সোহান।

ম্যাচ শেষে রংপুরের অধিনায়ক বলেন, ‘এটা আমাদের জন্য অত্যন্ত হতাশাজনক। টুর্নামেন্ট ভালোভাবে শুরু করার খুব দারুণ সুযোগ ছিল। এটা আমাদের প্রথম ম্যাচ ছিল। কিন্তু আমরা সুযোগটা হাতছাড়া করলাম।’

রংপুরের পক্ষে ২৩ রান খরচায় নেন ৫টি উইকেট নেন ইংলিশ পেসার জ্যাক চ্যাপেল। এ প্রসঙ্গে সোহান আরও বলেন, ‘সে (জ্যাক চ্যাপেল) সত্যিই খুব ভালো বোলিং করেছে। আমার মনে হয় সে আমাদেরকে ছন্দটা ধরিয়ে দিয়েছিল। প্রথম দশ ওভারের পর আমরা বেশ ভালো অবস্থায় ছিলাম। পনেরো ওভার পর আমরা জয়ের খুব কাছাকাছি ছিলাম। এরপর আমরা এটা মিস করেছি। আমার মনে হয় রান আউট দুইটির কারণে আমাদের ম্যাচ হারতে হয়েছে।’

গায়ানার উইকেটের আচরণ নিয়ে তিনি বলেন, ‘উইকেটটা একটু ট্রিকি ছিল। তাই ব্যাটসম্যানদের উইকেটের দিকে ফোকাস করার প্রয়োজন ছিল। বল মাঝে-মাঝে নিচু হয়ে আসছিল। কিন্তু ব্যাটে খুব ভালোভাবে আসছিল।’

সূত্র: ইত্তেফাক

সিরিজ শেষ না করেই পাকিস্তান ছাড়লেন লঙ্কান ক্রিকেটাররা

পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী ইমরান খানের মুক্তি ও সরকারের পদত্যাগের দাবিতে বিক্ষোভে উত্তাল ইসলামাবাদ। বিক্ষোভের জেরে পাকিস্তানের সঙ্গে সিরিজ শেষ না করেই দেশে ফিরে গেছে শ্রীলঙ্কার ‘এ’ দল।

পাকিস্তান শাহিনসের বিপক্ষে তিন ম্যাচের ওয়ানডে সিরিজ খেলতে

দেশটিতে সফর করেছিল শ্রীলঙ্কা ‘এ’ দল। প্রথম ম্যাচে সফরকারীদের ১০৮ রানে হারিয়েছিল স্বাগতিকরা। কিন্তু দ্বিতীয় ম্যাচের আগে রাজনৈতিক প্রতিবাদে উত্তাল হয়ে ওঠে ইসলামাবাদ। যার ফলে মঙ্গলবার (২৬ নভেম্বর) সিরিজের দ্বিতীয় ম্যাচ বাতিল করতে বাধ্য হন পাকিস্তান ক্রিকেট বোর্ড (পিসিবি)। অপরদিকে নিরাপত্তার কারণে দলকে দেশে ফিরিয়ে নেওয়ার সিদ্ধান্ত নেয় শ্রীলঙ্কা।

এক বিবৃতিতে পিসিবি জানিয়েছে, পাকিস্তান শাহিনস এবং শ্রীলঙ্কার ‘এ’ দলের সিরিজ় আপাতত স্থগিত রাখা হচ্ছে। দুই দেশের বোর্ড সিরিজের নতুন সূচি নিয়ে আলোচনা করছে।

নিরাপত্তার কারণে পাকিস্তান গিয়ে ২০২৫সালের চ্যাম্পিয়ন্স ট্রফি খেলতে চায় না ভারত। যার ফলে এখন নিশ্চিত হয়নি টুর্নামেন্টটির ভবিষ্যৎ। আগামী শুক্রবার আইসিসির সভায় নির্ধারণ হবে টুর্নামেন্টটি ভাগ্য। এই ঘটনা পাকিস্তানে চ্যাম্পিয়ন্স ট্রফি আয়োজন নিয়ে অনিশ্চয়তা দেখা দিয়েছে।

আনন্দবাজারের খবরে বলা হয়েছে, ক্রিকেটারদের নিরাপত্তাকে গুরুত্ব দিয়ে মঙ্গলবার খেলা শুরুর কয়েক ঘণ্টা আগে ম্যাচ বাতিলের সিদ্ধান্ত নেন পিসিবি কর্তারা। পরিবর্তিত পরিস্থিতিতে সিরিজের দ্বিতীয় এবং তৃতীয় ম্যাচ ইসলামাবাদ থেকে সরিয়ে দেওয়ার প্রস্তাব দেন পিসিবি কর্তারা।

দ্বিতীয় ম্যাচ বুধবার এবং তৃতীয় ম্যাচ শুক্রবার রাওয়ালপিণ্ডিতে করার কথা বলা হয়। শ্রীলঙ্কার ক্রিকেট কর্তাদের সঙ্গে কয়েক দফা আলোচনাও করেন। আশ্বাস দেওয়া হয় নিরাপত্তা নিয়ে। কিন্তু পরিস্থিতি বিবেচনা করে ক্রিকেটারদের সিরিজের মাঝ পথেই দেশে ফিরিয়ে নেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন শ্রীলঙ্কার ক্রিকেট কর্তারা।

সূত্র: ইত্তেফাক

জাতীয় লিগে প্রথমবার শিরোপা জিতলো সিলেট

গতকালই শিরোপার কাছাকাছি চলে গিয়েছিল সিলেট। আর উৎসবের সেই মঞ্চটা তৈরি করেছিলেন তিন পেসার রেজা রহমান রাজা, সৈয়দ খালেদ আহমেদ ও তোফায়েল আহমেদ। যদিও বরিশালের দেওয়া ১০৫ রান তাড়া করতে নেমে শুরুতেই ২ উইকেট হারায় সিলেট।

তবে অধিনায়ক অমিত হাসান ও নাসুম আহমেদ দারুণ জুটিতে বরিশাল বিভাগকে হারিয়ে জাতীয় ক্রিকেট লিগের (এনসিএল) ইতিহাসে প্রথমবারের মতো চ্যাম্পিয়ন হলো সিলেট বিভাগ।

মঙ্গলবার (২৬ নভেম্বর) আসরের ষষ্ঠ রাউন্ডে সিলেট আন্তর্জাতিক স্টেডিয়ামে ৫ উইকেটে জিতেছে স্বাগতিকরা। ছয় ম্যাচে চারটি জয় ও দুটি ড্রয়ে সিলেটের পয়েন্ট ৩৭। দুইয়ে থাকা ঢাকা বিভাগ সমান ম্যাচে দুটি জয় ও চারটি ড্রয়ে অর্জন করেছে ২৫ পয়েন্ট। জাতীয় লিগের আর একটি রাউন্ড বাকি থাকায় তাদের পক্ষে সিলেটকে টপকানো সম্ভব না।

শেষ দিনে জয়ের জন্য সিলেটের লক্ষ্য ছিল মাত্র ১০৫ রান। তবে ২৭ রানের মধ্যে ৩ উইকেট হারিয়ে চাপে পড়ে যায় তারা। সেই চাপ সামলে চতুর্থ উইকেটে ৭৭ রানের জুটি গড়েন অমিত ও নাসুম। ৫২ বলে ৪৪ রান করা নাসুম আউট হন জয় থেকে ১ রান দূরে থাকতে। সিঙ্গেল নিয়ে দলকে শিরোপা এনে দেন অধিনায়ক অমিত। উল্লাসে মাতানো অমিত অপরাজিত থাকেন ৬৯ বলে পাঁচটি চারের সাহায্যে ৩৮ রানে।

এর আগে টস হেরে ব্যাটিংয়ে নেমে প্রথম ইনিংসে ৩০৪ রান সংগ্রহ করেছিল বরিশাল। রাজা ৫ উইকেট নিয়েছিলেন ৬৯ রান খরচায়। জবাব দিতে নেমে ৩৪২ রান করে সিলেট। ৩৮ রানের গুরুত্বপূর্ণ লিড পাওয়ায় বড় অবদান ছিল তোফায়েল ও রাজার। নবম উইকেটে ৯৪ রানের জুটি গড়েছিলেন দুজন। তোফায়েল ৮৪ বলে ৬৪ ও রাজা ১৪০ বলে ৩৫ রানের ইনিংস খেলেছিলেন।

আগের দিন বরিশালকে দ্বিতীয় ইনিংসে ১৪২ রানে গুটিয়ে দেওয়ায় খালেদ ও তোফায়েল রাখেন মূল ভুমিকা। খালেদ ৪ উইকেট দখল করেন ১৮ রানে। তোফায়েল ৩ উইকেট পান ১৭ রানের বিনিময়ে। বোলিং বিভাগের এমন দুর্দান্ত পারফরম্যান্সের সুবাদে ম্যাচ ও শিরোপা জেতার কাছে চলে

যায় সিলেট।

দুইয়ে থাকা রংপুর কক্সবাজার স্টেডিয়ামে ঢাকা মহানগরের বিপক্ষে জয় থেকে অনেকটা দূরে। তাতেই মূলত নিশ্চিত হয়ে গেছে সিলেটের শিরোপা। রংপুর এই ম্যাচে ঢাকা মহানগরকে হারালেই শুধু আরও একটি ম্যাচ অপেক্ষা করতে হতো সিলেটকে। কিন্তু ওই ম্যাচে রংপুরের জয়ের সম্ভাবনা শেষ হয়ে গেছে। তাতেই এক ম্যাচ বাকি থাকতে সিলেটের শিরোপা উল্লাস।
সূত্র: ইত্তেফাক

মেহেরপুর সরকারি মহিলা কলেজে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা

বিপুল সংখ্যক শিক্ষার্থী ও শিক্ষকের উপস্থিতিতে উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে আজ সোমবার (২৫ নভেম্বর) সকাল সাড়ে দশটার সময় মেহেরপুর সরকারি মহিলা কলেজ ক্যাম্পাসে বার্ষিক বহিকক্ষ ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন।

জাতীয় সংগীত পরিবেশন ও জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে এ অনুষ্ঠানের শুভ সূচনা করেন কলেজের অধ্যক্ষ প্রফেসর আবদুল্লাহ আল আমিন ।

প্রভাষক জান্নাতুল নাঈমের সঞ্চালনায় উদ্বোধন অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন সহযোগী অধ্যাপক কাজী আশরাফুল আলম, মিরাজ উদ্দীন, সহকারী অধ্যাপক ড. মোহাম্মদ সারোয়ার হোসেন, তবিবুর রহমান, প্রভাষক রূপালী বিশ্বাস, নিষ্কৃতি মণ্ডল, নাসির উদ্দীন, রেকসোনা আক্তার, শিক্ষক পরিষদের সম্পাদক ইকরামুল হাসান প্রমুখ।